

সংবাদপত্রের নাম: : দৈনিক স্বদেশ সংবাদ
প্রকাশনার স্থান: : ময়মনসিংহ
তারিখ: : ১৩.১২.২০২৩খ্রি.

সংবাদ: :
সম্পাদকীয়: :
প্রবন্ধ/চিত্রপত্র: :

নির্বাচনে প্রতিবন্ধিকতা সৃষ্টিকারী কাউকে ছাড় দেওয়া হবে না-জেলা প্রশাসক



মনির হোসেন : নির্বাচনী আচরণ বিধিমালা সঠিকভাবে পালনের আহবান জানিয়ে জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী বলেছেন, সৃষ্ট নির্বাচনে প্রতিবন্ধিকতা সৃষ্টিকারী কাউকে ছাড় দেওয়া হবে না। একের ভোট অন্যে দেওয়ার সুযোগ থাকবে না। কেন্দ্রে পরিবেশ না থাকলে প্রিজাইডিং অফিসার ভোট গ্রহণ বন্ধ করে দিবেন। ময়মনসিংহের ভালুকায় বীর মুক্তিযোদ্ধা, গণ্যমান্য ব্যক্তিবর্গ, জনপ্রতিনিধি ও কর্মকর্তাদের সাথে মতবিনিময় এক মতবিনিময় সভায়

তিনি এসব কথা বলেন। তিনি সৃষ্ট নির্বাচনের স্বার্থে প্রশাসনকে সঠিক তথ্য দিয়ে সহায়তা করার আহবান জানান। গতকাল মঙ্গলবার (১২ ডিসেম্বর) সকালে স্থানীয় উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা

মো. এরশাদুল আহাম্মেদের সভাপতিত্বে অনুষ্ঠিত ওই সভায় বক্তৃতা করেন, উপজেলা চেয়ারম্যান আবুল কালাম আজাদ, মেয়র ডা. একেএম মেজবাহ উদ্দিন কাইয়ুম, উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম (২য় পাতায়)

নির্বাচনে প্রতিবন্ধিকতা সৃষ্টিকারী

(১ম পাতার পর) পিন্টু, মহিলা ভাইস চেয়ারম্যান ড. সেলিনা রশিদ, ভালুকা মডেল থানার অফিসার ইনচার্জ শাহ কামাল আকন্দ, ভালুকা প্রেসক্লাব সভাপতি কামরুল হাসান পাঠান কামাল, সাপ্তাহিক জয় বাণীর সম্পাদক আ খ ম রফিকুল ইসলাম রফিক, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মতিউর রহমান, বীর মুক্তিযোদ্ধা গোলাম মোস্তফা খান, উপজেলা পূজা উদযাপন কমিটির সভাপতি মলয় কুমার নন্দী মানিক, ইউপি চেয়ারম্যান আকরাম হোসেন, নুরুল ইসলাম বাদশাহ মিয়া।

সংবাদপত্রের নাম: : দৈনিক বিশ্বের মুখপত্র
প্রকাশনার স্থান : : ময়মনসিংহ
তারিখ : : ১৩.১২.২০২৩খ্রি.

সংবাদ
সম্পাদকীয়
প্রবন্ধ/চিত্রপত্র

মসিকের উদ্যোগে জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন উদ্বোধন



স্টাফ রিপোর্টার : ৬৭ হাজার ৪২১ শিশুকে ভিটামিন-এ ক্যাপসুল খাওয়ানোর লক্ষ্যমাত্রা নিয়ে ময়মনসিংহ সিটি কর্পোরেশনে (মসিক) উদ্যোগে জাতীয় ভিটামিন-এ প্লাস ক্যাম্পেইনের শুভ উদ্বোধন করা হয়েছে। মঙ্গলবার সকালে নগরভবন প্রাঙ্গণে আয়োজিত এক অনুষ্ঠানে এ ক্যাম্পেইনের উদ্বোধন করেন ময়মনসিংহ রেঞ্জের ডিআইজি শাহ আবিদ হোসেন। উদ্বোধনকালে উপস্থিত ছিলেন- মসিকের প্যানেল মেয়র-১ আসিফ হোসেন ডন, প্যানেল মেয়র-৩ সামীম আক্তার, ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের কাউন্সিলর হামিদা পারভীন, সচিব মোঃ আরিফুর রহমান, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. এইচ কে দেবনাথ, জনসংযোগ কর্মকর্তা শেখ মহাবুল হোসেন রাজীব, তত্ত্বাবধায়ক প্রকৌশলী জহুরুল হক, সহকারী সচিব মুহাম্মদ আমিনুল ইসলাম জাহাঙ্গীর, খাদ্য ও স্যানিটেশন কর্মকর্তা দীপক মজুমদার, স্বাস্থ্যকর্মী রূপালী মজুমদার, সাংবাদিক ও

অভিভাবকবৃন্দ প্রমুখ। মসিক সূত্রে জানা গেছে, ময়মনসিংহ সিটি কর্পোরেশন ইপিআই, ভিটামিন-এ

প্লাস ক্যাম্পেইন, কুমি, নিয়ন্ত্রণ ইত্যাদি সকল কার্যক্রম সফলতার সাথে বাস্তবায়ন (শেষ পাতায়)

মসিকের উদ্যোগে জাতীয়

(১ম পাতার পর) করে আসছে। এ ক্যাম্পেইন সফল করার লক্ষ্যে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সকল প্রস্তুতি রয়েছে। মসিক মেয়র মোঃ ইকরামুল হক টিটুর নির্দেশনায় সিটি কর্পোরেশনের অন্যান্য জনপ্রতিনিধিবৃন্দ, কর্মকর্তা-কর্মচারী ও বিভিন্ন এনজিও এ কার্যক্রম বাস্তবায়নে কাজ করছে। এছাড়াও ক্যাম্পেইন উপলক্ষ্যে লিফলেট বিতরণ, মাইকিং, সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার-প্রচারণা ইত্যাদি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সকলের সুস্থতার জন্যই ভিটামিন-এ প্রয়োজন। আমাদের খাদ্যাভ্যাসের মাধ্যমে ভিটামিন-এ গ্রহণের অভ্যাস গড়ে তুলতে হবে। এ ক্যাম্পেইনের আওতায় প্রতিদিন সকাল ৮ টা থেকে বিকেল ৪ টা পর্যন্ত ৩০২ টি অস্থায়ী কেন্দ্রে ৯ হাজার ৪৭৬ জন শিশুকে একটি করে নীল রঙের এবং ১২ থেকে ৫৯ মাস বয়সী ৫৭ হাজার ৯৪৫ জন শিশুকে একটি করে লাল রঙের ভিটামিন এ-ক্যাপসুল খাওয়ানো হবে।